

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৯২

२४/ (प्रांश () हिंदी () टेंग रेंग

পরিচ্ছেদঃ ২৮/২২. কোন ব্যক্তি বিপদগ্রস্ত লোক দেখে যে দোয়া পড়বে

بَابِ مَا يَدْعُو بِهِ الرَّجُلُ إِذَا نَظَرَ إِلَى أَهْلِ الْبَلَاءِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعُ، عَنْ خَارِجَةَ بْنِ مُصعْبٍ، عَنْ أَبِي يَحْيَى، عَمْرِو بْنِ دِينَارٍ _ وَلَيْسَ بِصَاحِبِ ابْنِ عُيَيْنَةَ _ مَوْلَى آلِ الزُّبَيْرِ عَنْ سَالِمٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ " مَنْ فَجِئَهُ صَاحِبُ بَلاَءٍ فَقَالَ الْحَمْدُ لِلَّهِ الَّذِي عَافَانِي مِمَّا ابْتَلاَكَ بِهِ وَفَضَلَنِي عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَ تَفْضِيلاً _ عُوفِيَ مِنْ ذَلِكَ الْبَلاءِ كَائًا مَا كَانَ " .

বাংলা

১/৩৮৯২। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন ব্যক্তি হঠাৎ কোন বিপদগ্রস্ত ব্যক্তিকে দেখে বলবে, "সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, তিনি তোমাকে যে বিপদে লিপ্ত করেছেন তা থেকে আমাকে নিরাপদ রেখেছেন এবং তাঁর অসংখ্য সৃষ্টির উপর আমাকে মর্যাদা দান করেছেন ", তাহলে সে তার জীবৎকাল পর্যন্ত উক্ত বিপদ থেকে নিরাপদ থাকবে (তিরমিযি)।

English

It was narrated from Ibn 'Umar that the Messenger of Allah (ﷺ) said: "Whoever unexpectedly comes across a person suffering a calamity, and says: Al-hamdu Lillahil-ladhi 'afani mim-mabtalaka bihi, wa faddalani 'ala kathirin mimman khalaqa tafdila (Praise is to Allah Who has kept me safe from that which has afflicted you and preferred me over many of those whom He has created), will be kept safe from that calamity, no matter what it is.'"

ফুটনোট



তিরমিয়ী ৩৪৩১, সহিহাহ ৬০২, রাওদুন নাদীর ১০৬১। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. খারিজাহ বিন মুসআব সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি মিথ্যার সাথে জড়িত। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আহমাদ বিন হাম্বল বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যাবে না। ইমাম দারাকুতনী তাকে দুর্বল বলেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৫৯২, ৮/১৬ নং পৃষ্ঠা) ২. আবু ইয়াহইয়া আমর বিন দীনার সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি দুর্বল। ইমাম তিরমিয়ি বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল ও মুনকার। ইমাম বুখারী বলেন, তার ব্যাপারে সমালোচনা রয়েছে, তার হাদিসের অনুসরণ করা যাবে না। মুহাম্মাদ বিন আম্মার বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৩৬১, ২২/১৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন